অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/16/2022 **গভর্নর ক্যাথি হোকল**

আপস্টেট অঞ্চলগুলোতে তীব্র বজ্রঝড় সহ বৃহস্পতিবারে স্টেট জুড়ে পৃথক পৃথক অঞ্চলে সম্ভাব্য ঝড়ের জন্য নিউ ইয়র্কবাসীদের প্রস্তুত থাকার জন্য গভর্নর হোকলের সনির্বন্ধ অনুরোধ

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস, সাদার্ন টিয়ার, সেন্ট্রাল নিউ ইয়র্ক, মোহাক ভ্যালি ও নর্থ কান্ট্রি অঞ্চলের কিছু অংশ বৃহস্পতিবার বিকেল থেকে শুরু করে তীব্র বজ্রঝড়ের সম্মুখীন হওয়ার বর্ধিত ঝুঁকির মধ্যে রয়েছে

প্রধান উদ্বেগের বিষয় হলো ক্ষতিকর ঝড়ো হাওয়া যার ফলে বিদ্যুৎ বিভ্রাট দেখা দেওয়ার, গাছপালা ভেঙ্গে পড়ার ও বিদ্যুতের লাইন ছিঁড়ে যাওয়ার, এবং নিচু এলাকাগুলোতে স্থানীয় পর্যায়ে বন্যা দেখা দেওয়ার সম্ভাবনা রয়েছে

বৃহস্পতিবার সন্ধ্যায় যাতায়াতের সময় সাবধানতা অবলম্বন করতে এবং সতর্ক থাকতে নিউ ইয়র্কবাসীদের প্রতি সনির্বন্ধ অনুরোধ জানানো হয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজ বৃহস্পতিবারের আবহাওয়ার পূর্বাভাস অনুযায়ী সম্ভাব্য শক্তিশালী ও তীব্র বজ্রঝড়ের জন্য প্রস্তুত থাকতে, বিশেষ করে ওয়েস্টার্ন নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস, সাদার্ন টিয়ার, সেন্ট্রাল নিউ ইয়র্ক, মোহাক ভ্যালি ও নর্থ কান্ট্রি অঞ্চলের কিছু অংশে এবং দিনব্যাপী আবহাওয়ার অবস্থা সম্পর্কে সতর্ক থাকার জন্য নিউ ইয়র্কবাসীদের প্রতি সনির্বন্ধ অনুরোধ জানিয়েছেন। বৃহস্পতিবার বিকেল থেকে তীব্র বিরূপ আবহাওয়া শুরু হয়ে সন্ধ্যা পর্যন্ত অব্যাহত থাকার সম্ভাবনা রয়েছে।

"আজ স্টেট জুড়ে পৃথক পৃথক অঞ্চলে ঝড়ের আশংকা করা হচ্ছে এবং টর্নেডো ঘটারও সম্ভাবনা রয়েছে এবং দিনের বাকি অংশের জন্য আমরা আবহাওয়ার পূর্বাভাসের দিকে নিবিড়ভাবে লক্ষ রাখা অব্যাহত রাখবো," **বলেছেন গভর্নর হোকল।** "এসব ঝড়ের পতিপথে অবস্থানকারী সবাইকে আমি বিকেল ও সন্ধ্যা পর্যন্ত ঝড়ের প্রভাব সম্পর্কে জানতে স্থানীয় আবহাওয়ার পূর্বাভাসের দিকে লক্ষ রাখার জন্য জোরালোভাবে অনুরোধ জানাচ্ছি।"

জাতীয় আবহাওয়া পরিষেবার (National Weather Service) স্টর্ম প্রেডিকশন সেন্টার স্টেটের বেশিরভাগ অংশ তীব্র বজ্রঝড়ের সম্মুখীন হওয়ার বর্ধিত ঝুঁকিতে রয়েছে বলে জানিয়েছে। কয়েকটি ঝড়ের মধ্যে ক্ষতিকর ঝড়ো হাওয়া অন্তর্ভুক্ত থাকার উচ্চ সম্ভাবনা রয়েছে যার ফলে

গাছপালা ভেঙ্গে পড়তে পারে এবং বিদ্যুতের লাইন ছিড়ে যেতে পারে, ফলে বিদ্যুৎ বিভ্রাট দেখা দিতে পারে, এক ইঞ্চি পর্যন্ত এবং তারও বেশি ব্যাসবিশিষ্ট শিলাবৃষ্টি, এবং ভারী বৃষ্টি হতে পারে যার ফলে বিচ্ছিন্নভাবে হঠাৎ বন্যার সৃষ্টি হতে পারে।

সেন্ট্রাল নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস, মোহাক ভ্যালি, ও নর্থ কান্ট্রি অঞ্চলে এক ইঞ্চি পর্যন্ত এবং স্টেটের অবশিষ্ট অঞ্চলগুলোতে আধা-ইঞ্চি পর্যন্ত বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।

স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services)-এর কমিশনার জ্যাকি ব্রে বলেন, "নিউ ইয়র্কবাসীদের এখন আজ দিন শেষে আঘাত হানতে যাওয়া সম্ভাব্য তীব্র বজ্রঝড়ের জন্য প্রস্তুতি গ্রহণ করা উচিত। আপনার স্থানীয় আবহাওয়ার পূর্বাভাসের দিকে খেয়াল রাখুন কারণ বিকেল জুড়ে অবস্থার পরিবর্তন ঘটতে পারে এবং যদি আজ দিনের শেষদিকে আপনার ভ্রমণ করার প্রয়োজন হয়, তাহলে বাইরে যাওয়ার আগে আবহাওয়ার পূর্বাভাস চেক করে নিন, পর্যাপ্ত সময় নিন, এবং বন্যার ক্ষেত্রে আপনার গাড়ির নিরাপত্তার কথা মনে রাখুন, আর তা হলো: ঘুরে যান, ডুবে যাবেন না।"

আবহাওয়া সংক্রান্ত সতর্কতা ও পূর্বাভাসের একটি পূর্ণাঙ্গ তালিকার জন্য জাতীয় আবহাওয়া পরিষেবার (National Weather Service) ওয়েবসাইট https://alerts.weather.gov দেখুন। নিউ ইয়র্কবাসীদের https://alert.ny.gov ঠিকানায় NY অ্যালার্ট (NY Alert)-এ সাবস্ক্রাইব করে জরুরি সতর্কতা পাওয়ার জন্য সাইন-আপ করতে উৎসাহিত করা হচ্ছে, এটি আপনার সেলফোনে বা কম্পিউটারে গুরুত্বপূর্ণ জরুরি তথ্য প্রদানকারী বিনামূল্যের একটি পরিষেবা।

<u>এজেন্সির প্রস্তুতি</u>

স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services)

নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেসের জরুরি কার্যক্রম পরিচালনা কেন্দ্র আবহাওয়া ও ভ্রমণের অবস্থা পর্যবেক্ষণ করছে এবং সাড়াদান কার্যক্রমের ক্ষেত্রে স্থানীয় সরকারগুলোর সাথে সমন্বয় রক্ষা করবে। পাম্প, চেইন স, বালির বস্তা জেনারেটর, খাট, কম্বল ও বোতলজাত পানিসহ ঝড়-সংক্রান্ত প্রয়োজনীয় সংস্থান প্রয়োজনে ক্ষতিগ্রস্ত লোকজনের কাছে পৌঁছে দিতে স্টেটের মজুদ প্রস্তুত রয়েছে।

পরিবহন বিভাগ

পরিবহন বিভাগ (Department of Transportation) আবহাওয়ার অবস্থা পর্যবেক্ষণ করছে এবং নিম্নলিখিত সরঞ্জামগুলো নিয়ে আসন্ন বিরূপ আবহাওয়ায় সাড়াদানের জন্য প্রস্তুত রয়েছে:

- 1,430টি বৃহৎ ডাম্প ট্রাক
- 296টি বৃহৎ লোডার
- ট্র্যাকযুক্ত ও চাকাযুক্ত 77টি এক্সক্যাভেটর
- 72টি চিপার

- 39টি ট্র্যাক্টর ট্রেইলার
- 29টি ট্রাফিক টাওয়ার প্লাটফর্ম
- 22টি পানির ট্যাংকার
- ড্রেন জেটসহ 15টি ভ্যাকুয়াম ট্রাক
- 13টি ট্রি ক্রু বাকেট ট্রাক

থ্রুওয়ে কর্তৃপক্ষ
থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority) ঝড়ো বাতাস বা বন্যা সংক্রান্ত যেকোনো পরিস্থিতি মোকাবেলায় স্টেটজুড়ে 633 জন অপারেটর ও সুপারভাইজারকে, ছোট থেকে মাঝারি আকারের এক্সক্যাভেটর, প্লাও/ডাম্প ট্রাক, বড় লোডার এবং বেশ কিছু বহনযোগ্য ভ্যারিয়েবল মেসেজ সাইন (Variable Message Signs, VMS) বোর্ড, বহনযোগ্য লাইট টাওয়ার, ছোট জেনারেটর, ছোট পাম্প ও সরঞ্জাম টানার ট্রেলার এবং সেই সাথে যেকোনও ধরনের পথ ঘোরানো বা বন্ধের জন্য ট্রাফিক সাইন ও অন্যান্য ট্রাফিক নিয়ন্ত্রণ যন্ত্র নিয়ে প্রস্তুত আছে। থ্রুওয়েতে মোটরচালকদের সতর্ক করতে বিভিন্ন রকমের বার্তার চিহ্ন, হাইওয়ে সতর্কতা রেডিও এবং সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়।

স্টেট ব্যাপী থাকা ইকুইপমেন্টের সংখ্যা নিম্নোক্তানুসারে:

- 354টি বড় ও ছোট ডাম্প ট্রাক
- 63টি লোডার
- 33টি ট্রেইলার
- 6টি ভ্যাক ট্রাক
- 16টি এক্সক্যাভেটর
- 10টি ব্রাশ চিপার
- 99টি চেইন স
- 19টি এরিয়াল ট্রাক
- 21টি স্কিড স্টিয়ার
- 84টি বহনযোগ্য জেনারেটর
- 68টি বহনযোগ্য লাইট ইউনিট

থ্রুওয়ে কর্তৃপক্ষ তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে গাড়িচালকদেরকে উৎসাহিত করে যা আইফোন ও অ্যান্ড্রয়েড ডিভাইসে ডাউনলোড করার জন্য বিনামূল্যে পাওয়া যায়। অ্যাপটি মোটরযান চালকদের প্রকৃত-সময়ে ট্রাফিক এবং দিক-নির্দেশনা সহায়তা লাভের সরাসরি সুযোগ প্রদান করে। এছাড়াও গাড়িচালকরা ট্রান্সঅ্যালার্ট (TRANSalert)ইমেইলের জন্য সাইন-আপ করতে পারেন, যা থ্রুওয়ের সর্বশেষ ট্র্যাফিক পরিস্থিতির তথ্য প্রদান করে, টুইটারে @ThruwayTraffic অনুসরণ করতে পারেন বা thruway.ny.gov এ যেতে পারেন যেখানে তারা থ্রুওয়ে ও নিউ ইয়র্ক স্টেটের অন্যান্য রাস্তার ট্র্যাফিক পরিস্থিতি প্রদর্শনকারী একটি ইন্টারেক্টিভ মানচিত্র দেখতে পারবেন।

পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation)

DEC পরিবেশ সংরক্ষণ পুলিশ অফিসার, ফরেস্ট রেঞ্জার্স, আপৎকালীন ম্যানেজমেন্ট স্টাফ এবং আঞ্চলিক স্টাফরা সতর্ক থাকবেন এবং পরিবর্তিত পরিস্থিতিতে নজর রাখবেন এবং খারাপ আবহাওয়ার দরুন ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা রয়েছে এরকম এরিয়া এবং অবকাঠামোগুলিতে তারা টহলদারি চালাবেন। সুইফ্ট ওয়াটার রেসকিউ টিম সহ সমস্ত উপলভ্য অ্যাসেট আপৎকালীন পরিস্থিতিতে সাহায্য করার জন্য মোতায়েন করা হয়েছে।

পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation)

নিউ ইয়র্ক স্টেট পার্ক পুলিশ এবং পার্কের পার্সোনেলরা সতর্ক আছে এবং আবহাওয়া পরিস্থিতি এবং তার পরিণামের উপর কড়া নজর রাখছেন। পার্কের দর্শনার্থীদের নজর রাখা উচিত parks.ny.govএ বা পার্কের সময়, খোলা ও বন্ধের ব্যাপারে সর্বশেষ তথ্যের জন্য তাদের স্থানীয় পার্ক অফিসে ফোন করা উচিত।

জনসেবা বিভাগ (Department of Public Service)

এই ঘটনার জন্য নিউ ইয়র্ক স্টেটজুড়ে ক্ষয়ক্ষতি মূল্যায়ন, সাড়া প্রদান, মেরামত ও পুনর্বহাল কার্যক্রম পরিচালনার জন্য নিউ ইয়র্কের ইউটিলিটি এজেন্সিগুলোতে প্রায় 5,500 জন কর্মী রয়েছে। এজেন্সির কর্মীরা পুরো সময় ইউটিলিটিগুলির কার্যক্রমের উপর নজর রাখবে এবং সবথেকে বেশি প্রভাবিত হতে পারে বলে ধারণা করা এলাকাগুলোতে ইউটিলিটি এজেন্সিগুলোর পর্যাপ্ত কর্মী নিয়োগের বিষয়টি নিশ্চিত করবে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ

স্টেট পুলিশ (State Police) ক্ষতিগ্রস্ত এলাকাগুলিতে প্রয়োজন অনুযায়ী অতিরিক্ত ট্রুপার মোতায়েন করতে প্রস্তুত। চার চাকার যানবাহন, এবং ইউটিলিটি টাস্ক যানবাহন সহ বিশেষভাবে তৈরি স্টেট পুলিশের সমস্ত গাড়ী অবিলম্বে সহায়তার জন্য তৈরি এবং প্রস্তুত রয়েছে। সকল ট্রুপ, জরুরি শক্তি এবং যোগাযোগ সরঞ্জাম পরীক্ষা করা হয়েছে।

মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি

মেট্রোপলিটান ট্রান্সপোর্টেশন অথোরিটি (Metropolitan Transportation Authority, MTA) নিরাপদ, নির্ভরযোগ্য সেবা নিশ্চিত করতে নিবিড়ভাবে আবহাওয়ার অবস্থা পর্যবেক্ষণ করছে। MTA কর্মীদের যেকোনও আবহাওয়া সম্পর্কিত সমস্যায় সাড়াদান বা ট্র্যাকের উপর ভেঙ্গে পড়া যেকোনও গাছ সরাতে প্রস্তুত থাকবে।

গ্রাহকদেরকে পরিষেবার সর্বশেষ আপডেট জানতে new.mta.info চেক করার জন্য, এবং সিস্টেম ব্যবহারের সময়ে সতর্কতা অবলম্বনের জন্য উৎসাহিত করা হচ্ছে। গ্রাহকদের টেক্সট বা ইমেইলের মাধ্যম রিয়েল টাইম সার্ভিস অ্যালার্টের জন্য সাইন আপ করা উচিৎ। MTA-এর অ্যাপগুলির মাধ্যমেও এই সতর্কতা পাওয়া যায়: MYmta, লং আইল্যান্ড রেলপথের ট্রেনের সময় এবং মেট্রো-নর্থ ট্রেনের সময়।

বন্দর কর্তৃপক্ষ (Port Authority)

পোর্ট অথরিটিও আবহাওয়া পরিস্থিতির উপর নজর রাখছে। ব্রিজ, সর্বোপরি রোডওয়ে বরাবর এবং ক্রসিংগুলিতে গতির উর্ধ্বসীমা বেঁধে দেওয়া হতে পারে। বিলম্ব এবং বাতিলকরণের ব্যাপারে সর্বশেষ তথ্যের জন্য ক্যারিয়ার এবং এয়ারলাইনের সাথে সরাসরি যোগাযোগ করতে পোর্ট অথরিটির ফেসিলিটি থেকে যাত্রীদের উৎসাহ দেওয়া হচ্ছে। পোর্ট অথরিটির ফ্যাসিলিটিগুলো সম্পর্কে সর্বশেষ তথ্যের জন্য, অনুগ্রহ করে সোশ্যাল মিডিয়া চেক করুন, PA অ্যালার্ট এর জন্য সাইন-আপ করুন অথবা PA মোবাইল অ্যাপগুলির মধ্যে একটি ডাউনলোড করুন, যেমন RidePATH যেটি পাথ (PATH) সার্ভিসের জন্য রিয়েল-টাইম আপডেট ও অ্যালার্ট প্রদান করে।

তীব্র আবহাওয়ার নিরাপত্তা পরামর্শ

প্রস্তুতি

- আপনি যেখানে বসবাস করেন সেখানের কাউন্টি এবং নিকটবর্তী শহরগুলির নাম জানুন। গুরুতর আবহাওয়ার সতর্কতা কাউন্টির ভিত্তিতে জারি করা হয়।
- আপনার বাড়ির বা ব্যবসার থেকে নিরাপদ রুটটি শিখুন, যদি নিরাপদ স্থলে আপনার তাড়াতাড়ি চলে যেতে হয়।
- 'পরিবারের পলায়নের' একটি পরিকল্পনা তৈরি করুন এবং অনুশীলন করুন এবং পরিবারের সদস্যরা পৃথক হয়ে গেলে দেখা করার একটি নির্দিষ্ট স্থান চিহ্নিত করে রাখুন।
- আসবাব, পোশাক এবং অন্যান্য ব্যক্তিগত সম্পত্তি সহ সমস্ত মূল্যবান জিনিসগুলির একটি আইটেমকৃত তালিকা তৈরি করুন। একটি নিরাপদ স্থানে তালিকাটি রাখুন।
- ক্যানের খাবার, ঔষধ এবং ফার্স্ট এইড সরবরাহ ও খাওয়ার পানির জরুরি সরবরাহ বেশি করে জমা করুন। পরিষ্কার, বন্ধ পাত্রে পানীয় জল সংরক্ষণ করুন।
- আপনার পোষা প্রাণী নিয়ে কী করবেন সে সম্পর্কে পরিকল্পনা করুন।
- একটি পোর্টেবল রেডিও, ফ্ল্যাশলাইট, অতিরিক্ত ব্যাটারি এবং জরুরি রান্নার সরঞ্জাম হাতের কাছে রাখুন।
- আপনার যানবাহনে তেল ভর্তি করে রাখুন বা চার্জ দিয়ে রাখুন। যদি বিদ্যুৎ সরবরাহ বিচ্ছিন্ন হয়, তাহলে পেট্রোল স্টেশনগুলি বেশ কয়েক দিন জ্বালানি পাম্প করতে নাও পারে। আপনার গাড়ির ট্রাঙ্কে একটি ছোট দুর্যোগ সরবরাহ কিট রাখুন।

দুর্যোগকালীন অত্যাবশ্যক সামগ্রীগুলি নাগালের মধ্যে রাখুন, যার মধ্যে রয়েছে:

- ফ্ল্যাশলাইট এবং অতিরিক্ত ব্যাটারি
- ব্যাটারি চালিত রেডিও এবং অতিরিক্ত ব্যাটারি
- ফার্স্ট এইড কিট এবং ম্যানুয়াল

- জরুরি খাদ্য এবং পানি
- অ-বৈদ্যুতিক ক্যান ওপেনার
- অপরিহার্য ওষুধ
- চেকবুক, নগদ, ক্রেডিট কার্ড, ATM কার্ড

হঠাৎ বন্যা

- বন্যায় ডুবে যাওয়া রাস্তায় কখনো গাড়ি চালানোর চেষ্টা করবেন না। গাড়ি ঘোরান এবং অন্য রাস্তা দিয়ে যান।
- যদি আপনার গাড়ির চারপাশে দ্রুত পানির উচ্চতা বৃদ্ধি পেতে থাকে, তাহলে অবিলম্বে গাড়ি ছেড়ে বেরিয়ে পড়ুন।
- দ্রুত গতিতে প্রবহমান পানির শক্তিকে ছোট করে দেখবেন না। দ্রুত গতিতে চলমান দুই ফুট উচ্চতার বন্যার পানি আপনার গাড়িকে ভাসমান করে ফেলবে, এবং ঘণ্টায় দুই মাইল গতিবেগে প্রবহমান পানি রাস্তা বা সেতু থেকে গাড়ি ভাসিয়ে নিয়ে যেতে পারে।

বজ্রপাত

- 30- 30 নিয়ম মেনে চলুন: যদি আপনার বিদ্যুৎ চমকাতে দেখার এবং বজ্রপাতের শব্দ শোনার মধ্যকার সময়ের ব্যবধান 30 সেকেন্ড বা তার কম হয় তাহলে সেই বজ্রপাত আপনাকে আঘাত করার মতো কাছাকাছি দূরত্বে রয়েছে। অবিলম্বে আশ্রয় গ্রহণ করুন। শেষবার বিদ্যুৎ চমকানোর পর আপনার আশ্রয়স্থল থেকে বের হওয়ার আগে 30 মিনিট অপেক্ষা করুন।
- বজ্রপাত সবচেয়ে লম্বা বস্তুতে আঘাত হানে। যদি আপনি গাছের উপরে থাকেন, তাহলে দ্রুত নিচে নেমে যান এবং যদি খোলা জায়গায় থাকেন তাহলে নিচে বসে যান।
- যদি আপনি কোনো আশ্রয়স্থলে যেতে না পারেন, তাহলে গাছ থেকে দূরে থাকুন। কোনও আশ্রয় না থাকলে, খোলা স্থানে নিচু হয়ে বসুন, কোনও গাছ যত লম্বা তার দ্বিগুণ দূরে থাকুন।

নিরাপত্তা সংক্রান্ত আরো পরামর্শের জন্য নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস এর নিরাপত্তা পরামর্শ ওয়েবপেইজ www.dhses.ny.gov/safety দেখুন।

###